"শেখ হাসিনার দর্শন, সব মানুষের উন্নয়ন"

# নিউক্লিয়ার পাওয়ার প্ল্যান্ট কোম্পানী বাংলাদেশ লিমিটেড

**Nuclear Power Plant Company Bangladesh Limited**

(An Enterprise of Bangladesh Atomic Energy Commission)

শান্তি ও সমৃদ্ধির জন্য পারমাণবিক শক্তি

নং- ৩৯.১০.০০০০.১০২.১১.০০১.২৩-২৬০ তারিখ : ০৩ মে ২০২৩

# রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের Security & Physical Protection Service Division-এর জনবল নিয়োগের বিজ্ঞপ্তি - ২

নিউক্লিয়ার পাওয়ার প্ল্যান্ট কোম্পানী বাংলাদেশ লিমিটেড (এনপিসিবিএল)-এর অধীনে রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের Security & Physical Protection Service Division-এর জনবল জরুরি ভিত্তিতে নিয়োগের নিমিত্ত এ পর্যায়ে নিম্নের বর্ণনা মোতাবেক বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

| ক্রঃ নং | পদের নাম ও গ্রেড, সর্বোচ্চ বয়সসীমা এবং পদ-সংখ্যা | আবশ্যকীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | |
|---|---|---|---|
| | | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা | ন্যূনতম অভিজ্ঞতা |
| (১) | (২) | (৩) | (৪) |
| ০১ | সিনিয়র সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (এ্যাক্সেস কন্ট্রোল এন্ড সিকিউরিটি এলারম) [গ্রেড-৯]<br>সর্বোচ্চ বয়সসীমা : ৩৫ বছর<br>পদ-সংখ্যা : ০১ | বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে সরকার অনুমোদিত কোন শিক্ষা প্রতিষ্ঠান থেকে ইলেকট্রনিক্স টেকনোলজিতে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং | সরকারি/ বেসরকারি কোনো প্রতিষ্ঠানে আইটি ভিত্তিক অ্যাক্সেস কন্ট্রোল ব্যবস্থাপনা/ মনিটরিং সংশ্লিষ্ট ক্ষেত্রে সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার/ সাব-অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার বা সমমানের পদে ৪ (চার) বছর চাকুরির অভিজ্ঞতা |
| ০২ | সিনিয়র সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (ইলেকট্রনিক মেইনটেন্যান্স) [গ্রেড-৯]<br>সর্বোচ্চ বয়সসীমা : ৩৫ বছর<br>পদ-সংখ্যা : ০১ | বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে সরকার অনুমোদিত কোন শিক্ষা প্রতিষ্ঠান থেকে ইলেকট্রনিক টেকনোলজি/ ডাটা টেলিকমিউনিকেশন এন্ড নেটওয়ার্কিং টেকনোলজি/ টেলিকমিউনিকেশন টেকনোলজি/ কম্পিউটার টেকনোলজি/ কম্পিউটার সাইন্স এন্ড টেকনোলজিতে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং | কোন স্বনামধন্য প্রতিষ্ঠানে নিরাপত্তা সংশ্লিষ্ট ইক্যুইপমেন্ট রক্ষণাবেক্ষণ কাজে সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার/ সাব-অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার বা সমমানের পদে ৪ (চার) বছর চাকুরির অভিজ্ঞতা |
| ০৩ | সিনিয়র সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (স্পেশাল টেকনিক্যাল মিন্স) [গ্রেড-৯]<br>সর্বোচ্চ বয়সসীমা : ৩৫ বছর<br>পদ-সংখ্যা : ০২ | বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে সরকার অনুমোদিত কোন শিক্ষা প্রতিষ্ঠান থেকে ইলেকট্রনিক টেকনোলজি/ ডাটা টেলিকমিউনিকেশন এন্ড নেটওয়ার্কিং টেকনোলজি/ টেলিকমিউনিকেশন টেকনোলজি/ কম্পিউটার টেকনোলজি/ কম্পিউটার সাইন্স এন্ড টেকনোলজিতে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং | কোন স্বনামধন্য প্রতিষ্ঠানে নিরাপত্তা সংশ্লিষ্ট ইক্যুইপমেন্ট রক্ষণাবেক্ষণ কাজে সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার/ সাব-অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার বা সমমানের পদে ৪ (চার) বছর চাকুরির অভিজ্ঞতা |
| ০৪ | ইন্সপেক্টর (এনপিপি স্টেশন সিকিউরিটি পেট্রোল এক্সামিনেশন) [গ্রেড-৯]<br>সর্বোচ্চ বয়সসীমা : ৪৫ বছর<br>পদ-সংখ্যা : ১৮ | যেকোন শিক্ষা বোর্ডের অধীনে সরকার অনুমোদিত কোন শিক্ষা প্রতিষ্ঠান থেকে এইচএসসি বা সমমান | সশস্ত্র বাহিনী, বাংলাদেশ পুলিশ বা অন্য কোন আইন শৃংখলা রক্ষাকারী সংস্থায় দ্বিতীয় শ্রেণির কর্মকর্তা হিসেবে ন্যূনতম ৪ (চার) বছর চাকুরির অভিজ্ঞতা |
| ০৫ | ভেহিকেল ইন্সপেক্টর [গ্রেড-৯]<br>সর্বোচ্চ বয়সসীমা : ৪০ বছর<br>পদ-সংখ্যা : ০১ | যেকোন শিক্ষা বোর্ডের অধীনে সরকার অনুমোদিত কোন শিক্ষা প্রতিষ্ঠান থেকে এইচএসসি বা সমমান | ড্রাইভিং লাইসেন্সসহ সশস্ত্র বাহিনী, বাংলাদেশ পুলিশ বা অন্য কোন আইন শৃংখলা রক্ষাকারী সংস্থায় দ্বিতীয় শ্রেণির কর্মকর্তা হিসেবে ন্যূনতম ৪ (চার) বছর চাকুরির অভিজ্ঞতা [হেভি ড্রাইভিং লাইসেন্সধারীদের অগ্রাধিকার দেয়া হবে] |
| ০৬ | টেকনিশিয়ান/ফিটার [গ্রেড-১৫]<br>সর্বোচ্চ বয়সসীমা : ৩২ বছর<br>পদ-সংখ্যা : ০৭ | বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে সরকার অনুমোদিত কোন শিক্ষা প্রতিষ্ঠান থেকে ইলেকট্রনিক কন্ট্রোল এন্ড কমিউনিকেশন/ ইলেকট্রনিক টেকনোলজি/ ইলেকট্রিক্যাল ওয়ার্কস এন্ড মেইনটেন্যান্স/ ইলেকট্রিক্যাল টেকনোলজি/ কম্পিউটার টেকনোলজি/ কম্পিউটার অপারেশন এন্ড মেইনটেন্যান্স বিষয়ে উচ্চ মাধ্যমিক (ভোকেশনাল) অথবা উচ্চ মাধ্যমিক (বিজ্ঞান)/ সমমান | কোন স্বনামধন্য প্রতিষ্ঠানে ইলেকট্রিক্যাল বা ইলেকট্রনিক্স সংশ্লিষ্ট কাজে ন্যূনতম ৬ (ছয়) বছর চাকুরির অভিজ্ঞতা |

**আবশ্যকীয় অন্যান্য যোগ্যতা :**

- ক্রমিক নং ০১ হতে ০৩ এর ক্ষেত্রে প্রতিটি পাবলিক পরীক্ষায় ন্যূনতম জিপিএ/সিজিপিএ ৫.০০ এর মধ্যে ৩.৫০ অথবা ৪.০০ এর মধ্যে ৩.০০ থাকতে হবে; সনাতন ফলাফল পদ্ধতির অধীন প্রতিটি পাবলিক পরীক্ষায় ১ম বিভাগ প্রাপ্তগণ আবেদন করতে পারবেন।
- ক্রমিক নং ০৪ হতে ০৬ এর ক্ষেত্রে প্রতিটি পাবলিক পরীক্ষায় ন্যূনতম জিপিএ/সিজিপিএ ৫.০০ এর মধ্যে ৩.০০ অথবা ৪.০০ এর মধ্যে ২.৫০ থাকতে হবে; সনাতন ফলাফল পদ্ধতির অধীন প্রতিটি পাবলিক পরীক্ষায় ২য় বিভাগ প্রাপ্তগণ আবেদন করতে পারবেন।
- কাজের প্রকৃতি বিবেচনায় কেবল পুরুষ প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
- কম্পিউটার অ্যাপ্লিকেশনে বিশেষভাবে এমএস ওয়ার্ড, এমএস এক্সেল ও এমএস পাওয়ার পয়েন্ট এবং ইউনিকোড টাইপিং-এ দক্ষতা থাকতে হবে।
- মৌখিক ও লিখিত উভয় ক্ষেত্রে বাংলা ও ইংরেজি ভাষায় উৎকৃষ্ট যোগাযোগ দক্ষতা থাকতে হবে।
- শারীরিক যোগ্যতা/মাপ : ন্যূনতম উচ্চতা ৫ ফুট ৪ ইঞ্চি, ন্যূনতম বুকের মাপ স্বাভাবিক অবস্থায় ৩১ ইঞ্চি ও সম্প্রসারিত অবস্থায় ৩৩ ইঞ্চি এবং ওজন বয়স ও উচ্চতার সাথে অনুমোদিত ন্যূনতম পরিমাপের থাকতে হবে।
- উপরের টেবিলে ২ নং কলামে বর্ণিত সর্বোচ্চ বয়সসীমা আবেদনের শেষ তারিখে গণনা করতে হবে।

[চলমান]

[পূর্ব পৃষ্ঠার পর]

**বেতন, সুযোগ-সুবিধা ও অন্যান্য শর্তাবলি :**

১. প্রথম ১ (এক) বছর প্রবেশনকাল গণ্য হবে, তবে তা প্রবেশনকালীন প্রশিক্ষণের ফলাফল এবং/অথবা পারফরম্যান্সের ভিত্তিতে ২ (দুই) বছর পর্যন্ত বর্ধিত হতে পারে; প্রবেশনকাল সফলভাবে সমাপ্তিতে এনপিসিবিএল-এ চাকুরি নিয়মিতকরণ/ নিশ্চিতকরণ করা হবে।

২. কর্মস্থল হবে বাংলাদেশের রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রে বা এনপিসিবিএল কর্তৃক নির্ধারিত যেকোন স্থানে।

৩. প্রবেশনকালে উপরের টেবিলে নির্ধারিত হারে মাসিক মূল বেতন (গ্রেড-৯ এর ক্ষেত্রে ৫২,৮০০/- টাকা, গ্রেড-১৫ এর ক্ষেত্রে ২৪,০০০/- টাকা) ও বিধি মোতাবেক উৎসব ভাতা এবং প্রকল্প সাইটে কর্মকালীন মূল বেতনের ৪০% হারে প্রকল্প ভাতা প্রদান করা হবে।

৪. এনপিসিবিএল-এর চাকুরি নিয়মিতকরণ/ নিশ্চিতকরণের পর উপরে বর্ণিত মূল বেতন ও পারিবারিক আবাসন সুবিধা (অথবা পারিবারিক আবাসন সুবিধা না দিতে পারলে মূল বেতনের ৪০%–৬০% হারে বাড়িভাড়া ভাতা) এবং প্রযোজ্যতা অনুসারে মূল বেতনের ৪০% হারে প্রকল্প ভাতা বা বিদ্যুৎকেন্দ্র ভাতা, অর্জিত ছুটি নগদায়ন, যৌথ বীমা, কনট্রিবিউটরি প্রভিডেন্ট ফান্ড, গ্রাচ্যুইটি সহ অন্যান্য প্রান্তিক সুবিধাদি এনপিসিবিএল-এর বিধিমালা/ নীতিমালা অনুসারে প্রদান করা হবে।

৫. যোগদানকারীকে তার যোগদানের সময় এ মর্মে অঙ্গীকার নামা (Surety Bond) দাখিল করতে হবে যে, তিনি এনপিসিবিএল-এ যোগদানের তারিখ থেকে কমপক্ষে ১০ (দশ) বছর চাকুরি করবেন এবং যদি এনপিসিবিএল-এ ১০ (দশ) বছর চাকুরি সমাপ্তির পূর্বে স্বেচ্ছায় এনপিসিবিএল ত্যাগ করেন তবে তিনি এনপিসিবিএল, সরকার বা অন্য যেকোন কর্তৃপক্ষ কর্তৃক তার জন্য ব্যয়কৃত সমুদয় অর্থ এনপিসিবিএল-এর অনুকূলে পরিশোধ করতে বাধ্য থাকবেন।

৬. এনপিসিবিএল-এ যোগদানের সময় যোগদানকারীকে গোপনীয়তা এবং নিরাপত্তা সংক্রান্ত একটি ঘোষণাপত্র দাখিল করতে হবে; এবং ঘোষণা মোতাবেক যোগদানকারীকে কোম্পানি বা রাষ্ট্রের বা সরকারের বা কোনো এনপিপির নিরাপত্তার জন্য ক্ষতিকর বলে প্রতীয়মান হলে কর্তৃপক্ষ কোনো ক্ষতিপূরণ ছাড়াই চাকুরির অবসানসহ যেকোন আইনি ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

**আবেদন ও নির্বাচন পদ্ধতি :**

১. অগ্রহী প্রার্থীকে "**Online Application Form**" এর মাধ্যমে আবেদন করতে হবে। অনলাইনে আবেদনের সময় প্রয়োজনীয় তথ্যসহ প্রার্থীর স্ক্যানকৃত ছবি ও স্বাক্ষর আপলোড করতে হবে। ০৮.০৫.২০২৩ তারিখ থেকে ২২.০৫.২০২৩ তারিখ রাত ১১:৫৯ টা পর্যন্ত অনলাইনে আবেদন করা যাবে। http://npcbl.teletalk.com.bd ঠিকানায় "**Online Application Form**" পাওয়া যাবে।

২. বর্তমানে কোন প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে অনলাইনে আবেদন দাখিলের পূর্বের যে-কোন তারিখে "আবেদনের বিষয়ে নিয়োগকর্তা কর্তৃক ইস্যুকৃত অনাপত্তিপত্র (NOC)" সংগ্রহ করতে হবে এবং উক্ত NOC মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে।

৩. প্রত্যেক প্রার্থীকে তার আবেদন নিশ্চিতকরণের জন্য http://npcbl.teletalk.com.bd ঠিকানায় উল্লেখিত নির্দেশনা অনুসরণ করে যেকোন Teletalk Mobile Connection থেকে এসএমএস (SMS) এর মাধ্যমে অফেরতযোগ্য ৫০০/- (পাঁচশত) টাকা পরিশোধ করতে হবে।

৪. লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা গ্রহণ এবং সংশ্লিষ্ট কাগজপত্র যাচাই ও প্রয়োজনীয় নিরাপত্তা ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে যোগ্য প্রার্থী নির্বাচন করা হবে। বিদেশী সনদধারীদের মৌখিক পরীক্ষার সময় যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সমমানের সনদ প্রদর্শন করতে হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ/ভাতা প্রদান করা হবে না।

৫. যেকোন ধরণের সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচনা করা হবে।

৬. এনপিসিবিএল কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ছাড়াই পদ-সংখ্যা বৃদ্ধি/হ্রাস করার এবং যেকোন বা সকল আবেদন বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

**বিস্তারিত তথ্যের জন্য দয়া করে ভিজিট করুন :** www.rooppurnpp.gov.bd অথবা http://npcbl.portal.gov.bd

**কোম্পানী সেক্রেটারী**